প্রথম আলো

তারিখ 25 JUN 2010 পৃষ্ঠা ৭ কলাম ১

### ঘুষ চাওয়ার অভিযোগ

# মাউশির তিন অফিস সহকারীকে অব্যাহতি

নিজস্ব প্রতিবেদক ●

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির জন্য টেলিফোনে শিক্ষকদের কাছ থেকে ঘুষ চাওয়ার অভিযোগে গতকাল বৃহস্পতিবার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) তিন অফিস সহকারীকে দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। এরা হলেন মাউশির মাধ্যমিক শাখার জাহাঙ্গীর আলম, কলেজ শাখার শাহজাহান ও মাদ্রাসা শাখার হাবিব।

এই তিন কর্মচারীর বিরুদ্ধে অভিযোগ তদন্ত করার জন্য মাউশির প্রশিক্ষণ শাখার পরিচালক তাসলিমা বেগম এবং কলেজ ও প্রশাসন শাখার পরিচালক দীপক কুমার নাগকে প্রধান করে দুটি কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে সাত কর্মদিবসের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে।

এ ছাড়া এমপিওভুক্তি কার্যক্রম দেখভালের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব (কলেজ) নাহারিন চৌধুরী ও উপসচিব (মাধ্যমিক) মনিরুল ইসলামকে দায়িত্ব দেওয়া হয়েছে। ৩০ জুন পর্যন্ত তাঁরা দায়িত্ব পালন করবেন।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল দুপুরে শিক্ষা ভবনে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তি কার্যক্রম পরিদর্শন করেন। এ সময় শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষকদের কষ্ট-দুর্ভোগ নিয়ে কাউকে ফায়দা লুটতে দেওয়া হবে না। তাঁদের জন্য নিয়ে কোনো কর্মকর্তা-কর্মচারী ছিনিমিনি খেললে তাঁকে অবশ্যই শাস্তি পেতে হবে। এ সময় অধিদপ্তরের মহাপরিচালক নোমান উর রশিদ উপস্থিত ছিলেন।